আফগানিস্তানে আবারও ভয়াবহ ভূমিকম্প, মৃত্যু ও ক্ষয়ক্ষতির আশঙ্কা বাড়ছে



সংগৃহীত ছবি

দুইদিনের ব্যবধানে আফগানিস্তানে আবারও ভূমিকম্প আঘাত হেনেছে। মঙ্গলবারের ৫.৫ মাত্রার ভূমিকম্পে নতুন করে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। এখন পর্যন্ত মৃত্যু হয়েছে ১ হাজার ৪১১ জনের, আহত হয়েছেন ৩ হাজারেরও বেশি। ধ্বংসস্তূপে আটকে পড়ায় হতাহতের সংখ্যা আরও বাড়তে পারে।

আফগানিস্তানে পরপর দুটি শক্তিশালী ভূমিকম্পে পরিস্থিতি আরও ভয়াবহ হয়ে উঠেছে। গত রবিবার ৬ মাত্রার ভূমিকম্পের পর মঙ্গলবার (২ সেপ্টেম্বর) আবারও ৫ দশমিক ৫ মাত্রার কম্পনে কেঁপে ওঠে দেশটি। নতুন ভূমিকম্পটি মাটির ১০ কিলোমিটার গভীরে সংঘটিত হয়, যা প্রথম ভূমিকম্পের কেন্দ্রের কাছাকাছিই ছিল।

বার্তাসংস্থা রয়টার্স জানিয়েছে, মঙ্গলবারের ভূমিকম্পে আতঙ্ক ছড়িয়ে পড়ায় কিছু এলাকায় উদ্ধার অভিযান স্থগিত হয়ে যায়। একই সঙ্গে পাহাড় ধসে পড়ায় দুর্গত এলাকায় পৌঁছানো আরও কঠিন হয়ে পড়ে।

স্থানীয় সূত্র জানায়, প্রথম ভূমিকম্পে যেসব ঘরবাড়ি টিকে ছিল, দ্বিতীয় কম্পনে সেগুলোও ভেঙে পড়ে। এর ফলে ক্ষয়ক্ষতির পরিমাণ বেড়ে যায়। এখন পর্যন্ত অন্তত ১ হাজার ৪১১ জনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত হয়েছে। আহত হয়েছেন ৩ হাজার ১২৪ জন। ধসে পড়েছে বা ক্ষতিগ্রস্ত হয়েছে প্রায় ৫ হাজার ৪০০ বাড়ি।

ধ্বংসস্তূপে এখনো অসংখ্য মানুষ আটকে থাকায় হতাহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। দুইদিন পেরিয়ে যাওয়ায় জীবিতদের উদ্ধারের সম্ভাবনা ক্রমেই ক্ষীণ হয়ে আসছে। তবে উদ্ধারকর্মীরা সময়ের সাথে পাল্লা দিয়ে অভিযান চালিয়ে যাচ্ছেন।

সূত্র: রয়টার্স